Student/Registration Number

Centre Number

# Year Public Examination

# Bengali
## Continuers Level

**Day Date: * pm Australian Eastern Daylight Time**

Reading Time: 10 minutes
Working Time: 2 hours and 30 minutes

- *You have 10 minutes to read all the papers and to familiarise yourself with the requirements of the questions. You must not write during this time.*
- *Monolingual and/or bilingual printed dictionaries may be consulted during the reading time and also during the examination.*

SAMPLE

## Section 1: Listening and Responding (30 marks)

**Instructions to Students**

1. Allow approximately 40 minutes for Section 1.
2. Write all your answers to the questions in Section 1 in this booklet in black or blue pen. Space is provided for you to make notes.
3. You must answer ALL questions in Part A and Part B.
4. Answer Part A in ENGLISH and Part B in BENGALI.
5. Write your student/registration number and the centre number (if required) on the front cover of this booklet.
6. All question booklets will be collected at the end of the examination.

© *Victorian Curriculum and Assessment Authority 2022*
January 2022

**Part A** (Questions 1–3)
(15 marks)

---

*Your response will be assessed on how well you:*

- *understand general and specific aspects of texts by identifying and analysing information and convey the information accurately and appropriately.*

---

You will hear THREE texts. Each text will be played twice. There will be a short break between the first and second playings of each text. You may make notes at any time.

Listen carefully to each text and then answer the questions in ENGLISH.

| | **Marks** | You may make notes in this space. These notes will NOT be assessed. |
|---|---|---|
| **Text 1** | | |
| 1. Identify **four** differences between secondary schools in the two countries according to the speaker. | **4** | |

_______________________________________________

_______________________________________________

_______________________________________________

_______________________________________________

_______________________________________________

_______________________________________________

_______________________________________________

_______________________________________________

**Marks** You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 2**

2. According to the text, what factors will contribute to Rohan's success in life? **5**



PLEASE TURN OVER

| | Marks | You may make notes in this space. These notes will NOT be assessed. |
|---|---|---|

**Text 3**

3. (a) What is *panta bhaat*? **3**

(b) What is a matter of immense pride for Rafi and why? **3**

**Part B** (Questions 4–6)
(15 marks)

---

*Your response will be assessed on how well you:*

- *understand general and specific aspects of texts by identifying and analysing information and convey the information accurately and appropriately.*

---

You will hear THREE texts. Each text will be played twice. There will be a short break between the first and second playings of each text. You may make notes at any time.

Listen carefully to each text and then answer the questions in BENGALI.

**Marks** | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 4**

4. What aspects of Bengali culture will be on display at the Boishakhi Fair? **4**
   বাঙালি সংস্কৃতির কোন কর্মকান্ডগুলি বৈশাখী মেলায় দেখা যায়?

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

________________________________________

Marks | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 5**

5. (a) State **one** advantage and **one** disadvantage of bulk-buying fruit mentioned in the conversation. **2**

এই দু'জনের আলোচনা থেকে, একসাথে বেশি করে ফল কেনার **একটি** সুবিধা ও **একটি** অসুবিধা বর্ণনা কর।

(b) According to the speakers, what would persuade their children to improve their eating habits? **2**

ছেলেমেয়েরা তাদের খাবারের অভ্যাস কেন ভাল করবে বলে এই দু'জন মনে করছেন?

Marks | You may make notes in this space. These notes will NOT be assessed.

**Text 6**

6. (a) According to the speech, how has technology improved the quality of our lives? **4**

এই বক্তব্য অনুযায়ী, প্রযুক্তি কী কী ভাবে আমাদের জীবনের মান উন্নত করেছে?

(b) What are the drawbacks of using technology, as outlined in the speech? **3**

বক্তব্য অনুযায়ী প্রযুক্তির দুর্বলতাগুলি কী কী?

**End of Section 1**

# Listening Texts

## Section 1, Part A

(for responses in English)

**Text 1**

শুভ সন্ধ্যা! অন্যদেশের স্কুল থেকে এসে আমি ভর্তি হয়েছি অস্ট্রেলিয়ার স্কুলে। দুই দেশের মাধ্যমিক স্কুলের যে পার্থক্য আমার চোখে পড়েছে, তা সংক্ষেপে বলছি।

অস্ট্রেলিয়াতে সাপ্তাহিক ছুটি শনিবার ও রবিবার, সেখানে শুধু শুক্রবার। সেদেশে প্রতি রবিবারে সবাই মাঠের সমাবেশে গিয়ে জাতীয় সঙ্গীত গাইতাম; এখানে কোন নির্দিষ্ট দিনে তা করা হয়না। ওখানে সারাদিন একই কক্ষে প্রায় পঞ্চাশ জন ক্লাস করতাম; অস্ট্রেলিয়াতে প্রতিটি বিষয়ের জন্য সাধারণত ভিন্ন কক্ষে যাই, আর ক্লাসে ছাত্রছাত্রীর সংখ্যা অর্ধেকের মত। এখানকার স্কুলে খেলাধূলার জন্য ওখানকার দ্বিগুণ সময় দেয়া হয়।

**Text 2**

প্রধান শিক্ষক: আমি হেডমাস্টার বলছি। আপনার ক্লাসের রোহান ছেলেটি সম্বন্ধে কিছু জানতে চাচ্ছি।

শ্রেণি শিক্ষক: রোহান লেখাপড়ায় অসাধারণ ফলাফল বরাবরই অর্জন করে। কিন্তু স্কুলের পড়া ছাড়াও অন্য অনেক দিকে তার পারদর্শিতা সত্যিই প্রশংসনীয়। জীবনে বড় হতে হলে আরও গুণাগুণ যে থাকা প্রয়োজন সেটা সে বুঝতে পারে। সবার সাথে রোহান খুব সাবলীল ভাবে যোগাযোগ রাখতে জানে।

প্রধান শিক্ষক: বেশ। তার অন্যান্য গুণ কী কী?

শ্রেণি শিক্ষক: অবসর সময়ে সে বড় আগ্রহ আর আন্তরিকতার সাথে গান লেখে। নিজের লেখা কিছু গান সে একজন সুরকারকেও দিয়েছে, যিনি রোহানের লেখার প্রশংসা করেছেন এবং এগুলোতে সুর দেবেন বলেছেন। এছাড়াও, শরীরচর্চায় রোহানের ভীষণ মনোযোগ। সুস্থ থাকার জন্য নিয়মিত ব্যায়াম এবং ভাল খাবার খেতে সে সবসময়ই সচেষ্ট থাকে। সেজন্য অনেকসময় নিজের খাবার সে নিজেই তৈরি করে।

**Text 3**

রাফি: হ্যালো সীমা?

সীমা: হ্যালো রাফি, কেমন আছ?

রাফি: কয়েকদিন আগে একটা বাংলাদেশি খাবারের কথা জানলাম। ভাবলাম, তোমার সাথে আলাপ করি।

সীমা: কোন খাবার?

রাফি: পান্তাভাত। অনেকে এটাকে পান্তাও বলে।

সীমা: বেশ মজার মনে হচ্ছে। একটু খুলে বল।

রাফি: বাংলাদেশের গ্রামের মানুষের প্রধান নাস্তা এই পান্তাভাত। আগের দিন রান্না করা গরম ভাতে পানি ঢেলে সারারাত রেখে দিলেই সকালে সেই ভাত হয়ে গেল পান্তাভাত।

সীমা: তাহলে পান্তাভাত এক ধরনের ভাত? তা পান্তা কী দিয়ে খাওয়া যায়?

রাফি: পান্তাভাত লবণ, মরিচ বা তরকারীর সাথে খাওয়া হয়। তবে পান্তার সাথে সবচেয়ে জনপ্রিয় হল আলুভর্তা। পান্তার কথা অস্ট্রেলিয়াতে নতুন করে আমাদেরকে মনে করিয়ে দিয়েছেন একটি টেলিভিশন অনুষ্ঠানের একজন প্রতিযোগী। বাংলাদেশের এই সাধারণ খাবারটি আমাদেরকে মাতৃভুমির কথা মনে করিয়ে দেয়। পান্তাভাত রান্না টেলিভিশনে অস্ট্রেলিয়ার অনেক মানুষই দেখে প্রশংসা করেছেন। ব্যাপারটা আমাদের জন্য খুবই গর্বের।

সীমা: বাহ, জেনে খুব ভাল লাগল, রাফি।

## Section 1, Part B

(for responses in Bengali)

**Text 4**

পপি: এই তপু, এবারের নববর্ষে কী করছ?

তপু: এই যেমন প্রতিবার করি, পপি! পাঞ্জাবি পরব, বৈশাখী মেলায় যাব। তুমি যাবে তো?

পপি: নিশ্চয়ই যাব, আমার পুরো পরিবারও যাবে।

তপু: খুব ভাল হবে, নববর্ষের প্রধান আকর্ষণই বৈশাখী মেলা। আয়োজনকারীরা মেলার জায়গাটিকে সুন্দর করে সাজায় ফুল, পাতা আর রঙিন কাগজ দিয়ে।

পপি: আমিও শাড়ি পরে মেলায় যাব। সেখানে কত রকমের দেশি শাড়ি, গয়না আর বাঙালি খাবার কিনতে পাওয়া যায়। বাংলা গানবাজনার আসর বসে।

তপু: আমরা বৈশাখী মেলায় একসাথে সারাদিন বাংলা গান শুনব, বাঙালি খাবার খাব, ঘুরব, অনেক মজা করব সবাইকে নিয়ে।

**Text 5**

নারী: আবার বাজার থেকে এতগুলি আপেল কিনে এনেছ?

পুরুষ: এক কিলো আপেলের যে দাম, চার কিলো আপেলের দাম তার দ্বিগুণের চেয়েও কম, তাই চার কিলো কিনলাম।

নারী: কিন্তু আমাদের দুই ছেলেমেয়ের কেউই ফল পছন্দ করে না। তাছাড়া ফল বেশিদিন ফ্রিজে রাখা ঠিক নয়, টাটকা খাওয়া উচিৎ। ফ্রিজে থাকলে ফলের সতেজ ভাবটা নষ্ট হয়ে যায়।

পুরুষ: তা মানছি, তবে খরচের দিকেও নজর রাখতে হবে। আর বাচ্চাদেরও বোঝাতে হবে ফল খাওয়ার উপকারিতা।

নারী: আমরা দুজনেও প্রতিদিন ফল খাব, তাহলে ওরা আমাদের দেখে শিখবে।

পুরুষ: অবশ্যই। তাছাড়া, ওদের স্কুলে পুষ্টিকর খাবারের ব্যাপারে শিক্ষা দেয়, তাতেও কাজ হবে।

নারী: তবুও, সস্তা বলেই একগাদা ফল কেনা আমার পছন্দ নয়।

**Text 6**

অভিভাবকবৃন্দ, আমাদের জীবনে আধুনিক প্রযুক্তির ভাল-খারাপ দিক সম্বন্ধে আজ আলোচনা করছি।

আমরা প্রযুক্তিগত পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছি। এই পরিবর্তনের ফলে বিশ্বে উৎপাদন প্রক্রিয়া, ব্যবস্থাপনা, এমনকি রাষ্ট্র চালানোও বদলে যাচ্ছে এবং বেশি দক্ষতার সাথে পরিচালিত হচ্ছে। বেঁচে থাকার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হল খাদ্য। কৃষিযন্ত্রের ব্যবহার ও বায়োটেকনলজির অবদানে বিপুল পরিমাণে উন্নতমানের ফসল ও ফল উৎপাদন হচ্ছে। শিক্ষার্থীদের পাঠ্য বিষয় বুঝতে, এবং শিক্ষকদের পড়াতে, প্রযুক্তি সাহায্য করে। আধুনিক তথ্য প্রযুক্তির ফলে আমরা এখন ওয়্যারলেস পৃথিবীতে বাস করছি। কর্মক্ষেত্রে প্রায় কাগজবিহীন কাজ চলছে এবং ভার্চুয়াল অফিসে কাজ করছি, যা পরিবেশের জন্য ভাল। তবে প্রযুক্তির খারাপ দিকও রয়েছে। যেমন মানুষজনের সামনাসামনি যোগাযোগ কমে যাওয়া, ব্যক্তিগত তথ্য ফাঁস হওয়া, মূল্যবান নথিপত্র গোপন না থাকা। চিকিৎসা, যাতায়াত, নির্মাণ, প্রকৌশল, ভৌগলিক অবস্থান, পরিবেশ উন্নতি, ইত্যাদিতে প্রযুক্তির অবদান অবশ্যই আছে, কিন্তু সঠিক প্রযুক্তি ব্যবহার করতে প্রশিক্ষণ নিতে হয় – যা কঠিন, বিশেষত বয়স্কদের জন্য। তাছাড়া প্রযুক্তিগত যন্ত্রপাতি কিনতে প্রচুর অর্থের প্রয়োজন।

এখনকার ছেলেমেয়েরা আধুনিক প্রযুক্তির সাথে বেশ পরিচিত। তারপরেও শিক্ষক হিসেবে আমার অনুরোধ, আপনারা সন্তানদের সাথে প্রযুক্তির প্রভাব নিয়ে আলোচনা করবেন।

Student/Registration Number | | | | | | | | | | | Centre Number | | | | | | |

## Year Public Examination

# Bengali
## Continuers Level

SAMPLE

### Section 2: Reading and Responding (25 marks)

**Instructions to Students**

1. Allow approximately 1 hour and 10 minutes for Section 2.
2. Write all your answers to the questions in Section 2 in this booklet in black or blue pen.
3. You must answer ALL questions in Part A and Part B.
4. Answer Part A in ENGLISH and Part B in BENGALI.
5. Write your student/registration number and the centre number (if required) on the front cover of this booklet.
6. All question booklets will be collected at the end of the examination.

© *Victorian Curriculum and Assessment Authority 2022*
January 2022

**Part A** (Questions 7–8)
(10 marks)

---

*Your response will be assessed on how well you:*
- *understand general and specific aspects of texts (for example, by comparing, contrasting, summarising and/or evaluating) and convey the information appropriately.*

---

7. Read the text and then answer in ENGLISH the questions that follow.

## বেড়াতে যাওয়া

নাদিয়া তার কয়েকজন বন্ধুকে নিয়ে বছর শেষে নিজেরা বেড়াতে যাওয়ার পরিকল্পনা করেছিল। ওরা অনেক দিন ধরে এর জন্য অপেক্ষা করছিল এবং টাকা জমাতেও শুরু করেছিল। কিন্তু নাদিয়া আর তার বন্ধুদের বাবা-মা কিছুতেই ওদের কোথাও একা ছেড়ে দিতে চান না। বরং সপরিবারে একসাথে কোথাও বেড়াতে যেতে তাঁরা বেশ আগ্রহী। নাদিয়া তাতেও খুশি, কারণ তার বন্ধুরা তো থাকছেই, আর সপরিবারে গেলে নিরাপদে এবং নিশ্চিন্তে থাকা যাবে। নাদিয়া আগেও নিজ পরিবারের সাথে বেড়াতে গিয়েছিল, কিন্তু বন্ধুরা এবং তাদের পরিবার সাথে থাকার কারণে তার কাছে এবারের বেড়ানোটা বিশেষ আকর্ষণীয়।

নাদিয়া ইন্টারনেট-এ বিভিন্ন পর্যটন এলাকার খবরাখবর নিয়ে দেখল সাউথ অস্ট্রেলিয়ার সবচেয়ে সুন্দর জায়গা হচ্ছে ক্যাঙ্গারু আইল্যান্ড। থাকা, খাওয়া এবং ঘোরাঘুরির জন্য সুব্যবস্থাও আছে। বন্ধুদের বলতেই ওরাও ক্যাঙ্গারু আইল্যান্ড আর আশেপাশের জায়গাগুলো ইন্টারনেট-এ দেখতে লাগল এবং মুগ্ধ হয়ে গেল। বিশাল এলাকা জুড়ে পাহাড়, বিভিন্ন রকমের গাছ আর পাখিদের সমারোহ। সমুদ্রে পেঙ্গুইন পাখি দেখা যাবে। বিস্তীর্ণ সৈকতে সীল মাছের আনাগোনা, উন্মুক্ত বনভূমিতে কোয়ালা, ক্যাঙ্গারুদের চলাচল করতেও দেখা যাবে। সব মিলিয়ে নাদিয়া ও বন্ধুরা ভীষণ উৎসাহ বোধ করল, এখন শুধু বছর শেষে ছুটি হওয়ার অপেক্ষা!

QUESTIONS

**Marks**

(a) How have Nadia's holiday plans changed? **2**

(b) Why are Nadia and her friends excited by their chosen holiday destination? **3**

8. Read the text and then answer in ENGLISH the question that follows.

## এ সময়ের তরুণদের অবদান

সাম্প্রতিক কালে কিশোর ও তরুণ প্রজন্মের ছেলেমেয়েদের কিছু সাফল্য পৃথিবীর সকল তরুণকে বিশেষভাবে উৎসাহ যোগায়। এ প্রসংগে বলা যায় মালালা ইউসুফজাই-র কথা, যে মেয়েদের শিক্ষার জন্য কিশোর বয়স থেকেই সচেতনতা তৈরি করে ২০১৪ সালে নোবেল শান্তি পুরস্কার পেয়েছে। আমাদের সবার মনে আছে পনেরো বছরের গ্রেটা থানবার্গ-এর ২০১৮ সালে বিশ্ব আলোড়ন করা জলবায়ু নিয়ে সক্রিয়তার কথা।

পৃথিবীর বিভিন্ন দেশে এই রকম আরও অনেক কিশোর ও তরুণ নিরলসভাবে উন্নয়নশীল কাজ করে চলেছে। এসব খবর সবসময় মিডিয়ায় আসে না, তবু ওরা একটি সুন্দর পৃথিবীর স্বপ্ন দেখে। নিজেদের ছোট জায়গা থেকে সাধ্যমত তাদের স্বপ্ন বাস্তবায়নের চেষ্টা করে। সকল অভিভাবক, শিক্ষক, এবং সরকারের উচিত কিশোর ও তরুণ প্রজন্মের এইসব উদ্যোগ সমর্থন করা। স্কুলের লেখাপড়ার পাশাপাশি তরুণ প্রজন্মের ছেলেমেয়েরা মানবিক উন্নয়নের কাজ করে এমন সংগঠনের সাথে যুক্ত হতে পারে। এই সকল কর্মকাণ্ড সম্পর্কে সঠিক দিক নির্দেশনা প্রয়োজন। সরকার কর্মসূচীর আয়োজন করতে পারে যেখানে বিভিন্ন সংগঠন আলোচনার মাধ্যমে কী পদক্ষেপ নেয়া যায় সে সম্পর্কে তরুণদের ধারণা দিতে পারে। শিক্ষকরা এমনভাবে পাঠ্যক্রম সাজাতে পারেন যেন ছাত্রছাত্রীরা বিদ্যাশিক্ষার অংশ হিসাবে উন্নয়নধর্মী কাজ সম্পর্কে জানতে পারে। অভিভাবকরাও আর্থিক সাহায্য এবং সহযোগিতা করতে পারেন যাতে সাধারণ লেখাপড়ার পাশাপাশি এই সকল কর্মকাণ্ডে যোগ দিতে সন্তানদের দ্বিধাবোধ না থাকে। সুতরাং সময় দিয়ে, উৎসাহ দিয়ে, আর্থিক সাহায্য দিয়ে নানাভাবে ওদের সমর্থন করতে হবে। তরুণ প্রজন্মের ছেলেমেয়েরা বিশ্বাস করবে যে অভিভাবক, শিক্ষক, এবং সরকারের সমর্থন তাদের সাথে আছে। তাহলেই এ যুগের ছেলেমেয়েরা ভাল কাজের উৎসাহ পাবে এবং আমরা তাদের কাছ থেকে সৃজনশীল কর্মকাণ্ড আশা করতে পারব।

QUESTION

**Marks**

How can young people be supported so that they can make a positive contribution to society? **5**



PLEASE TURN OVER

**Part B** (Question 9)
(15 marks)

---

*Your response will be assessed on how well you:*
- *demonstrate an understanding of the stimulus text*
- *write text appropriate and relevant to context, purpose and audience*
- *structure and sequence information and ideas*
- *manipulate language structures and vocabulary in Bengali.*

---

9. Read the text and then answer the question in approximately 150 words in BENGALI on page 8.

## গ্রেট ব্যারিয়ার রিফের পরিবেশ ও ট্যুরিজম

পরিবেশ বিষয়ক সম্পাদক

গ্রেট ব্যারিয়ার রিফ একটি খুবই জনপ্রিয় বেড়ানোর জায়গা। ইউনেস্কো এটিকে তাদের 'বিশ্ব ঐতিহ্য' নামের তালিকায় অন্তর্ভুক্ত করেছে। এটি একটি কোরাল রিফ, যা নানা প্রকারের প্রবাল, গাছ ও মাছের বাসস্থান।

সারা দেশ থেকে এবং অন্য দেশ থেকেও মানুষের বেড়াতে আসা এই এলাকার অর্থনীতির জন্য খুবই গুরুত্বপূর্ণ। বৎসরে তিন বিলিয়ন ডলারের বেশি আয় হয় এই এলাকার ট্যুরিজম থেকে। ষাট হাজারেরও বেশি মানুষ চাকুরী করেন এখানে। অথচ ট্যুরিজমই গ্রেট ব্যারিয়ার রিফের পরিবেশের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে। প্রতিবছর এই কোরাল রিফে জমা হয় কয়েকশত টন প্লাস্টিক ও অন্যান্য ক্ষতিকর আবর্জনা। তাছাড়া নৌকা বা জাহাজ চলাচলের কারণেও প্রবাল ক্ষতিগ্রস্ত হয়। আশংকা করা হয় যে বিপুল সংখ্যক মানুষের বেড়াতে আসার কারণে রিফের পরিবেশ খারাপ হতেই থাকবে বছরের পর বছর। এই অবস্থা থেকে মুক্তির একটি উপায় হল বেড়াতে আসা মানুষের সংখ্যা কমিয়ে আনা। কিন্তু তার ফলে অনেক চাকুরী ছাঁটাই করতে হবে এবং এই এলাকার অর্থনীতিও বিশাল ক্ষতির মুখে পড়তে পারে।

QUESTION

Having read the article about the Great Barrier Reef, you have decided to evaluate the effects of tourism on the reef and to present your findings to your fellow students. Write the script of the speech that you will deliver at the next school assembly.

গ্রেট ব্যারিয়ার রিফকে নিয়ে লেখা প্রবন্ধটি পড়ে তুমি ওই রিফের উপর ট্যুরিজম-এর প্রভাব মূল্যায়ন করতে চাও, এবং তোমার সেই মূল্যায়নটি তোমার স্কুলের ছাত্রদের পরবর্তী স্কুল এসেম্বলিতে পরিবেশন করতে চাও। তুমি এসেম্বলিতে যে ভাষণ দেবে, সেই ভাষণটি লিখিতভাবে তৈরি কর।

---

You may make notes in this space. These notes will NOT be assessed.

*Do not remove this page from the question booklet.*

Student/Registration Number

Bengali Continuers Level

Centre Number

Question 9

**End of Section 2**

BLANK PAGE

Student/Registration Number | | | | | | | | | | | Centre Number | | | | | | |

**Year** PUBLIC EXAMINATION

# Bengali
## Continuers Level

SAMPLE

## Section 3: Writing in Bengali (20 marks)

**Instructions to Students**

1. Allow approximately 40 minutes for Section 3.
2. Write your answer to a question from Section 3 in this booklet in black or blue pen. Space is provided for you to make notes.
3. You must answer ONE question in BENGALI.
4. Write your student/registration number and the centre number (if required) on the front cover of this booklet.
5. All question booklets will be collected at the end of the examination.

© *Victorian Curriculum and Assessment Authority 2022*
January 2022

**Section 3** (Questions 10–11)
(20 marks)

---

*Your response will be assessed on how well you:*
- *demonstrate depth of treatment of information, ideas and/or opinions*
- *write text appropriate and relevant to context, purpose and audience*
- *structure and sequence information and ideas*
- *manipulate language structures and vocabulary in Bengali.*

---

Answer ONE question from this section in approximately 250 words in BENGALI.

10. In three months' time, your friend and their family will be migrating to Australia, to the city where you live. Your friend has written to you to ask about the opportunities for part-time employment for teenagers in your city. Write an informal letter to your friend, detailing the relevant information.

    তোমার বন্ধুরা সপরিবারে অন্য একটি দেশ থেকে অস্ট্রেলিয়াতে তোমার শহরে বসবাসের জন্য আসছেন তিন মাস পরে। তোমার বন্ধুটি তোমাকে চিঠি লিখে জানতে চেয়েছে তোমাদের শহরে হাইস্কুলের ছেলেমেয়েদের খন্ডকালীন কাজ করার সুযোগ সুবিধা কেমন। এ বিষয়ে বিস্তারিত জানিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ।

11. Write an imaginative story that will be published in a magazine for secondary school students. Your story will start with the sentence: 'I was walking home from the railway station, carrying a heavy schoolbag, when I suddenly noticed …'.

    মাধ্যমিক স্কুলের ছাত্রছাত্রীরা সাধারণত: পড়ে এমন একটি বাংলা ম্যাগাজিনে প্রকাশের জন্য একটি কাল্পনিক ছোট গল্প লেখ, যার প্রথম বাক্যটি এইভাবে শুরু হবে: 'আমি রেলস্টেশন থেকে বাড়ির দিকে হাঁটছিলাম, কাঁধে ভারী স্কুলব্যাগ, হঠাৎ চোখে পড়ল ...'।

You may make notes in this space. These notes will NOT be assessed.

Question Number:

PLEASE TURN OVER

**End of Section 3**